



# বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার, ১৪ লিঙ্ক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা- ১০০০

ওয়েবসাইট: [wwwpcb.gov.bd](http://wwwpcb.gov.bd), ই-মেইল: [info@pcb.gov.bd](mailto:info@pcb.gov.bd)

স্বারক নং : পিসিবি/বি.ফার্ম/৯২৩৯

তারিখ : ০৯-১০-২০১৮ খ্রি:

## বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী স্নাতক (বি. ফার্ম) কোর্স বিষয়ক বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

- ফার্মেসী আইন ২০১৩ (বিশেষ বিধান) এর (ফার্মেসী অধ্যাদেশ ১৯৭৬) ধারা ১৯ অনুযায়ী বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের অনুমোদন ব্যতীত বিশ্ববিদ্যালয়ে ফার্মেসী স্নাতক (বি. ফার্ম) শিক্ষা কার্যক্রম পরিচালনা করা আইনের পরিপন্থী।
- বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগ চালু করতে হলে অবশ্যই তাদেরকে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের এক্রিডিটেশন (অভিষ্ঠীকৃতি) গ্রহণ করতে হবে।
- ফার্মেসী স্নাতক (বি. ফার্ম) শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়গুলোর ফার্মেসী বিভাগকে অবশ্যই বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের গাইডলাইন অনুসরণ করতে হবে।
- উল্লেখ্য যে, শুধুমাত্র ফার্মেসী কাউন্সিল কর্তৃক এক্রিডিটেশন/সাময়িক এক্রিডিটেশন প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগ থেকে বি. ফার্ম কোর্স সম্পন্ন করা শিক্ষার্থীগণই পরবর্তিতে ফার্মেসী কাউন্সিল থেকে ফার্মাসিস্ট হিসেবে পেশাগত রেজিস্ট্রেশনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।
- বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের শিক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বছরে ৬ (হয়) মাস মেয়াদী ২ (দুই) টি সেমিস্টার হবে। কোন অবস্থাতেই বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক অনুমোদিত আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
- ফার্মেসী কাউন্সিলের গাইডলাইন অনুযায়ী অনুমোদিত আসন সংখ্যা অনুযায়ী সরকারী বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে প্রথম বর্ষ এবং বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তিকৃত শিক্ষার্থীদের স্টুডেন্ট রেজিস্ট্রেশন ফরম পূরণ করে তালিকাভূক্তি কার্ড গ্রহণ করতে হবে। অন্যথায়, বি. ফার্ম কোর্স সম্পন্ন করার পর ফার্মেসী কাউন্সিল কর্তৃক ফার্মাসিস্ট হিসেবে পেশাগত রেজিস্ট্রেশনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
- বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগে ভর্তির বিষয়ে বিস্তারিত তথ্যাদি বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের ওয়েবসাইটে দেওয়া আছে।

অবেদ্ধভাবে ফার্মেসী স্নাতক (বি. ফার্ম) কোর্স পরিচালনা করছে এরপ বিশ্ববিদ্যালয়ে ভর্তি না হওয়ার জন্য শিক্ষার্থী ও অভিভাবকদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এক্রিডিটেশন (অভিষ্ঠীকৃতি)/সাময়িক এক্রিডিটেশন প্রাপ্ত সরকারী বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের তালিকা ও প্রতি বছরে অনুমোদিত আসন সংখ্যাঃ

ক্রং নং	বিশ্ববিদ্যালয়ের নাম	প্রতি বছরে অনুমোদিত আসন সংখ্যা	ক্রং নং	বিশ্ববিদ্যালয়ের নাম	প্রতি বছরে অনুমোদিত আসন সংখ্যা
০১	ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	৭০	০৭	যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর	৪০
০২	জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা	৫৫	০৮	পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা	৪০
০৩	জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা	৩৫	০৯	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ	৭০
০৪	কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা	৪০	১০	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	৩০
০৫	রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী	৫০	১১	মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল	৩৫
০৬	খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা	৪৫	১২	নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী	৫০

সাময়িক এক্রিডিটেশন (অভিষ্ঠীকৃতি) প্রাপ্ত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের তালিকা ও প্রতি সেমিস্টারে অনুমোদিত আসন সংখ্যাঃ

ক্রং নং	বিশ্ববিদ্যালয়ের নাম	প্রতি সেমিস্টারে অনুমোদিত আসন সংখ্যা	ক্রং নং	বিশ্ববিদ্যালয়ের নাম	প্রতি সেমিস্টারে অনুমোদিত আসন সংখ্যা
০১	ইউনিভার্সিটি অব সাইন্স এন্ড টেকনোলজি চিটাগং, চট্টগ্রাম	১০০/বছর	১৫	অতীশ দীপক ইউনিভার্সিটি অব সাইন্স এন্ড টেকনোলজি, ঢাকা	৫০
০২	ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, ঢাকা	১০০	১৬	প্রাইম এশিয়া ইউনিভার্সিটি, ঢাকা	৫০
০৩	ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ, ঢাকা	৫০	১৭	ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা	৮০
০৪	গণ বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা	৭৫	১৮	ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ঢাকা	৫০
০৫	ষ্ট্যামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ, ঢাকা	৫০	১৯	ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা	৫০
০৬	মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা	৫০	২০	বিজিসি ট্রাইষ্ট ইউনিভার্সিটি, চট্টগ্রাম	৫০
০৭	চেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ঢাকা	৮০	২১	ব্র্যাক ইউনিভার্সিটি, ঢাকা	৮০
০৮	ইষ্ট ইয়েষ্ট ইউনিভার্সিটি, ঢাকা	১০০	২২	ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি চিটাগং, চট্টগ্রাম	৫০
০৯	নর্থ সাউথ ইউনিভার্সিটি, ঢাকা	১০০	২৩	সাউদার্ন ইউনিভার্সিটি, চট্টগ্রাম	৫০
১০	নর্দান ইউনিভার্সিটি, ঢাকা	৫০	২৪	আশা ইউনিভার্সিটি, ঢাকা	২৫
১১	সাউথ ইষ্ট ইউনিভার্সিটি, ঢাকা	৮০	২৫	বরেন্দ্র বিশ্ববিদ্যালয়, রাজশাহী	৫০
১২	রণন প্রসাদ বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ, ঢাকা	৫০	২৬	সিটি ইউনিভার্সিটি, ঢাকা	৪০
১৩	খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়, সিরাজগঞ্জ	৩০	২৭	ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজী এন্ড সাইন্সেস (ইউ.আই.টি.এস), ঢাকা	৭০
১৪	বাংলাদেশ ইউনিভার্সিটি, ঢাকা	৫০			

প্রাথমিক অনুমোদনপ্রাপ্ত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের তালিকাঃ

বিশ্ববিদ্যালয়ের নাম	অনুমোদিত আসন সংখ্যা / প্রতি সেমিস্টারে
ইভিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, ঢাকা	৫০

মুহাম্মদ মাহবুব হক  
সচিব  
বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল